



Prime University
114/116, Mazar Road, Mirpur-1, Dhaka-1216
Centre for Research, HRD and Publications (CRHP)

Memo No: PU/CRHP/Annual Magazine/2018/09 p-ii/ ১৩১

Date: 18.12.2019

বিজ্ঞপ্তি

মানুষ সৃষ্টির অনবদ্য ও বিস্ময়কর শ্রেষ্ঠ জীব। নিজেকে জানা এবং নিজেকে প্রকাশ করার আকিঞ্চন মানুষের চিরন্তন। বিশ্ববিদ্যালয়ের অন্যতম কাজ হলো ভিন্ন ভিন্ন আঙ্গিকে সৃষ্টি করার অনুকূল পরিবেশ বজায় রাখা, মানুষ হওয়ার নান্দনিক আশ্রয় নির্মাণ করা। সেই সৃষ্টির নব মোহনায় প্রতিটি ছাত্র-ছাত্রী এবং শিক্ষক, কর্মকর্তা সামিল হবেন এই প্রত্যয়ে প্রাইম ইউনিভার্সিটি থেকে প্রকাশিতব্য বার্ষিক ম্যাগাজিন 'দি রে' এর ২০২০ (৫ম) সংখ্যার জন্য নিম্নোক্ত বিষয়ে বাংলা বা ইংরেজি ভাষায় লেখা আহবান করা যাচ্ছে।

কবিতা/ছড়া	স্মৃতিচারণমূলক রচনা	শিক্ষামূলক কৌতুক
ভ্রমণ কাহিনী	বাংলাদেশ, মুক্তিযুদ্ধ ও মুজিব বর্ষ	আবিষ্কার/বিখ্যাত মনীষীদের জীবন থেকে নেয়া ছোট ছোট উল্লেখযোগ্য ঘটনা
ছোট গল্প	গণসচেতনতামূলক/ চরিত্র গঠনমূলক রচনা	সামাজিক-সাংস্কৃতিক ইতিহাস/আচরণ/ বাংলার জনগণের সহবস্থানের ইতিহাস

প্রদত্ত লেখাটি ১০০০ শব্দের মধ্যে সীমাবদ্ধ হতে হবে। আগ্রহী লেখকদের আগামী ২০ শে জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে নিজের নাম, পরিচয় (পদবী, আই.ডি নম্বর, বিভাগ, ব্যাচ, মোবাইল নম্বর ইত্যাদি) ও এক কপি পাসপোর্ট সাইজের ছবিসহ লেখাটির ১টি হার্ড কপি সি.আর.এইচ.পি দপ্তরে (কক্ষ নং ৩১২) জমা দেয়ার জন্য এবং একই সঙ্গে Times New Roman বা Sutonny MJ ফন্ট ব্যবহার করে লেখাটির এম.এস ওয়ার্ডে সফটকপি primeuniversity_crhp@yahoo.com-এ ই-মেইল করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। এখানে উল্লেখ্য যে, নির্বাচিত লেখার লেখকদের প্রত্যেককে চাহিবামাত্র প্রকাশিত ম্যাগাজিনের ১টি করে সৌজন্য কপি দেয়া হবে।

N. H. Talukdar

(মোঃ নূর হোসেন তালুকদার)

প্রধান সম্পাদক, বার্ষিক ম্যাগাজিন, 'দি রে'

এবং

পরীক্ষা নিয়ন্ত্রক

অনুলিপি সদয় অবগতি ও প্রচারের জন্য প্রদান করা হলঃ

- ১) ডীন, সকল অনুষদ
- ২) বিভাগীয় প্রধান, সকল বিভাগ (যে য বিভাগের সকল শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে)
- ৩) ডেপুটি রেজিস্ট্রার/ডেপুটি লাইব্রেরিয়ান/ডেপুটি কন্ট্রোলার অব এক্সামিনেশন/ডেপুটি ডাইরেক্টর, সিআরএইচপি (যে য শাখার সকল কর্মকর্তা-কর্মচারীদের অবহিত ও অনুপ্রাণিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে)
- ৪) জনাব/জনাবা... .. সদস্য, এডিটোরিয়াল বোর্ড, 'দি রে' (যে য বিভাগের সকল শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের উদ্বুদ্ধ ও অনুপ্রাণিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে)
- ৫) সমন্বয়ক, প্রাইম ইউনিভার্সিটি ল্যাংগুয়েজ স্কুল (আপনার বিভাগের শিক্ষক-শিক্ষিকামণ্ডলী ও ছাত্র-ছাত্রীদের অবহিত ও অনুপ্রাণিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে)
- ৬) একান্ত সচিব, উপাচার্য
- ৭) একান্ত সহকারী, চেয়ারম্যান, বোর্ড অব ট্রাস্টিজ/কোষাধ্যক্ষ/রেজিস্ট্রার
- ৮) সকল নোটিশ বোর্ড
- ৯) প্রাইম ইউনিভার্সিটির ওয়েবসাইট
- ১০) অফিস কপি